

১ বর্ষ, ১০ম সংখ্যা।

৩১শে জানুয়ারী, শুক্রবার, ১৯৩০

[এক আনা

PERTRIX BATTERIES.

		Rs.	As.
9	Volts Grid Battery	1	2
12	" " "	1	10
15	" " "	2	3
60	" H.T. "	6	2
90	" " "	9	2
100	" " "	10	4
120	" " "	12	4
150	" " "	15	4
45	" " " Heavy Duty Super Power	13	2
45	" " " 30 Miliamps Types	9	8
45	" L.T. "	7	8

SOLE AGENTS FOR ASSAM, BENGAL, BEHAR AND ORISSA

HYLAND & SONS

1, LINDSAY STREET, CALCUTTA.

মার্কনির—

ভ্যান্ড

ক্রয় করিয়া

আপনার গ্রাহক-মন্ত্র

উন্নত

করুন

সর্বত্র পাওয়া যায়

কিংবা

দি ইঞ্জিনিয়ার রেডিও টেলিগ্রাফ কোং

১নং গার্ডিয়ান প্লেস্, কলিকাতা ।

এই ঠিকানায় খোঁজ করুন

আমাদের কথা

আমাদের ছোটদের বৈঠক দিনে-দিনে খুবই জমে উঠছে। এবারকার অক্টোবরের প্রথম দিনেই ছোটদের বৈঠকে দুটি মেয়ে গান করবেন। এঁদের নাম হচ্ছে কুমারী বীণাপাণি লাহিড়ী ও কুমারী রাণী চট্টোপাধ্যায়। ছোটদের জন্ম আরও একটি সুখবর আছে। আগামী ৪ঠা ফেব্রুয়ারী থেকে ছোটদের বৈঠক আধঘণ্টার জায়গায় পুরো একঘণ্টা কোরে বসবে। আশা করি এ ব্যবস্থায় আমাদের ছোট ছোট বন্ধুরা খুশী হবেন।

আমাদের মহিলা মজলিসগুলিও দিনে-দিনে সমৃদ্ধ হোয়ে উঠছে। এ বিষয়ে যে মহিলাদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করেছে তার প্রমাণ আমরা পাচ্ছি। বেতার জগতের সপ্তম সংখ্যায় আমাদের মহিলা মজলিসে পঠিত শ্রীমতী সুরূপা দেবীর যে নামহীন গল্পটি প্রকাশিত হয়েছিল অনেকে সেটার নামকরণ কোরে পাঠিয়েছেন। মহিলাদের জন্ম নির্দিষ্ট পৃষ্ঠায় তাঁদের প্রেরিত নাম প্রকাশ করা হোলো। লেখিকা ইচ্ছা করলে তা থেকে একটা নাম বেছে নিতে পারেন। এবারে আমরা শ্রীমতী কল্পনা দেবীর একটি কবিতা প্রকাশ করলুম। কবিতাটা 'মহিলা মজলিসে' একদিন পাঠ করা হয়েছিল। মহিলা মজলিসে পড়বার জন্ম আমরা তাঁদের কাছ থেকে আরও প্রবন্ধ গল্প ও কবিতা চাই।

আগামী ৩১শে জানুয়ারী ও ২ই ফেব্রুয়ারী তারিখে ডাক্তার এ, দত্ত বি, এন্স সি মশায় দাঁত সম্বন্ধে বক্তৃতা

দেবেন। দাঁতের সম্বন্ধে অনেক সাংঘাতিক রোগের যে কি ঘনিষ্ঠ সম্বন্ধ সে কথা আমাদের দেশের শিক্ষিত লোকদের অনেকেই ধারণা অত্যন্ত অস্পষ্ট। ছেলে বেলা থেকে দাঁতের প্রতি অযত্ন অথবা অত্যধিক যত্নে ভবিষ্যতের জীবন বিষময় হোয়ে ওঠে। আপনারা এই দু-দিনের বক্তৃতা অবহেলা করবেন না।

আমাদের অদৃশ্য বন্ধুদের মধ্যে অনেকেই মধ্যে-মধ্যে তাঁদের রেডিও সেট নিয়ে বিব্রত হোয়ে পড়েন এবং সামান্য অ্যাসেসেই ষা ঠিক করা চলে তার জন্ম পয়সা খরচ করতে বাধ্য হন। তাঁদের এই অসুবিধা দূর করবার জন্ম আগামী ৫ই ফেব্রুয়ারী তারিখে রেডিও সেট কি কোরে ঠিক রাখতে পারা যায় সে সম্বন্ধে শ্রীযুক্ত বীরেন রায় কিছু বলবেন।

এবারেও দু-দিন, ২রা ফেব্রুয়ারী এবং ২ই ফেব্রুয়ারী তারিখে পৃথিবী-পর্যটক শ্রীযুক্ত বিমল মুখোপাধ্যায়ের রোজনাম্চা থেকে তাঁদের পর্যটনের বর্ণনা পাঠ করা হবে। পাঠ করবেন শ্রীযুক্ত বীরেন রায়।

আগামী ১৮ই ফেব্রুয়ারী তারিখের সন্ধ্যাবেলায় আমাদের ঘোষণা মন্দিরে 'শ্রীকৃষ্ণের নৌ-বিহার' পালা গান হবে। মূল গায়ন হবেন শ্রীগোপালচন্দ্র মিত্র।

বিশেষ অল্পরোধে আগামী ৪ঠা ফেব্রুয়ারী তারিখে শ্রীযুক্ত নিত্যগোপাল মুখোপাধ্যায় মহাশয়দের ভক্তিমূলক নাটক চণ্ডীদাস অভিনীত হবে। চণ্ডীদাসের ভূমিকা নেবেন বীরেন বাবু এবং রামীর ভূমিকা বলবেন মিস্ বীণাপাণি। আগামী ১২ই ফেব্রুয়ারী বুধবার শ্রীযুক্ত হীরেন্দ্রকুমার বসুর নূতন নাটক 'আশ্‌মানি' অভিনীত হবে। দুই দিনই বেতার নাটুকে দল অভিনয় করবেন।

বেতারের মারফতে আবৃত্তি করবার জগ্ৰ প্রায়ই আমাদের এখানে অনেক লোক এসে থাকেন। যাঁরা আবৃত্তি শোনাতে আসেন তাঁদের প্রতি আমাদের গুটি কয়েক নিবেদন আছে। প্রথমেই বলে রাখা ভাল যে, আবৃত্তি জিনিষটা মোটেই সহজসাধ্য জিনিষ নয়। গান বাজনা প্রভৃতি ললিতকলার অগ্রাগ্র বিভাগের মতন আবৃত্তিও শিক্ষা ও রীতিমত সাধনার দরকার। বেতারে আবৃত্তি করা আরও শক্ত। কারণ ভাব প্রকাশের জগ্ৰ অল্পভঙ্গি যা করা হয়েছে থাকে বেতারে তাঁর কোনো স্থানই নেই।

কেবলমাত্র কর্তৃকদের দ্বারা রুদ্র, হান্স, করুণ, বীভৎস প্রভৃতি রস ফুটিয়ে তুলতে হবে। এ কাজ সাধনা সাপেক্ষ। আবৃত্তি যাঁরা করতে আসবেন তাঁদের প্রতি আমাদের একান্ত অল্পরোধ যে, তাঁরা এখানে পরীক্ষা দেবার পূর্বে যেন রীতিমত মহলা দিয়ে আসেন।

গত ১৭ই জাভুয়ারী তারিখে পুলিশ আদালতে দুটি রেডিও পাইরেটের বিচার হোয়ে গিয়েছে। এঁরা উভয়েই কলকাতার বিশিষ্ট লোক। বিনা লাইসেন্সে রেডিও সেট ব্যবহার করার জগ্ৰ তাঁদের চল্লিশ টাকা কোরে অর্থদণ্ড হোয়ে গিয়েছে।

এবারে ছোটদের বৈঠকের পৃষ্ঠায় গল্প দাঁদার লেখার বদলে আমাদের ষ্টেশন ডিরেক্টর মিঃ জে, আর ষ্টেপলটন আমাদের ছোট ছোট বন্ধুদের একখানি চিঠি লিখেছেন। আশা করি সকলেই এই চিঠিখানা পড়বেন।

সর্ববিষয়ে সম্ভোষ—

অতি সহজ কার্যপ্রণালী—


পৃথিবীর অন্যতম সর্বোৎকৃষ্ট রেডিও সেট

“মার্কনিফোন”

কেবল একমাসের জগ্ৰ

হাস করা মূল্যে নিম্নলিখিত “মার্কনিফোন” সেট দুইটা আমাদের নিকট পাইবেন।

“মার্কনিফোন” ২টা ভালভযুক্ত } ১০০
লাউডস্পীকার ও ব্যাটারী সমেত



কলিকাতা হইতে ন্যায্যিক ৪০ মাইল পর্যন্ত খুব ভাল শোনা যায়। ইহা কলিকাতায় ইলেকট্রিক্ মেন হইতে চলিতে পারে।

“মার্কনিফোন” ৪টা ভালভযুক্ত, লাউডস্পীকার ও ব্যাটারী সমেত.....২০০ টাকা। ইহা কলিকাতা বা বঙ্গে হইতে ন্যায্যিক ১০০০ মাইল দূরবর্তী স্থান পর্যন্ত খুব ভাল শোনা যায়

খাঁহার এখনও রেডিও সেট কিনেন নাই তাঁহারা যেন এ সুযোগ না হারান। আমাদের দোকানে আসিলে আনন্দ সহকারে শুনাইয়া দিব।

এল. সি. ড্রাহ


রেডিও বিভাগ :- ৬৪নং লিগ্‌সে ষ্ট্রীট, কলিকাতা

ছোঁতদের বৈঠক

আমাদের হোঁট বন্ধুগুলি—

তোমাদের মধ্যে যারা ইণ্ডিয়ান রেডিও টাইমস্ (Indian Radio Times) পড়, তাদের হয়ত মনে আছে যে, তার দ্বাদশ সংখ্যায় ইংলণ্ডের ছেলেমেয়ের ভারতবর্ষের ছেলেমেয়েদের সঙ্গে পরিচয় করবার জন্ত একটা চিঠি প্রকাশিত হয়েছিল। এ সম্বন্ধে তোমাদের যে সব কথা বলা হয়েছিল তাও বোধ হয় তোমাদের মনে আছে। তাদের সঙ্গে চিঠি-পত্রের ভেতর দিয়ে তোমাদের পরিচয় করিয়ে দেবার কাজে আমরা কতখানি অগ্রসর হয়েছি তা জানতে বোধ হয় তোমাদের খুবই ইচ্ছা করছে।

এ পর্যন্ত আমরা ইংলণ্ড থেকে ছশো ছেলেমেয়ের চিঠি পেয়েছি। তারা সবাই ভারতবর্ষে তাদের বয়সী ছেলেমেয়ের সঙ্গে চিঠিপত্র লিখতে চায়। ভারতবর্ষের



বেতার বা রেডিও সংক্রান্ত যন্ত্রাদি ও সরঞ্জাম

আমাদের নিকট স্থলভ মূল্যে পাওয়া যায়।
ক্রীফাল সেট, মেইন সেট ও নানাধরকার
ব্যাটারী সেট সর্বদা বিক্রয়ার্থ মজুত থাকে।
রেডিও যন্ত্রাদি মেরামতের স্বন্দোবস্ত আছে।

ক্যাটালগ বিনামূল্যে
মল্লিক ব্রাদার্স
রেডিও বিভাগ

১৮২নং ধর্মতলা ষ্ট্রীট, কলিকাতা।

ছেলেমেয়েদের কাছ থেকে চারশো চিঠি এ পর্যন্ত আমরা পেয়েছি। ভারতবর্ষের ছেলেমেয়েদের কাছে আমরা তাদের ঠিকানা পাঠিয়ে দিয়েছি। কিন্তু আরও ছশো ছেলেমেয়ে (বিশেষ কোরে মেয়ে) চাই যারা ইংলণ্ডের ছেলেমেয়েদের সঙ্গে চিঠিতে আলাপ-পরিচয় করতে চায়। আমি আশা করি ভারতবর্ষের যে-সব ছেলেমেয়ে ইংলণ্ডের এই সব ছেলেমেয়ের সঙ্গে আলাপ করতে চায় তারা শীগগীরই আমাদের চিঠি লিখে জানাবে। কিন্তু একটা কথা মনে রেখো। চিঠি লেখবার সময় পুরো নাম, ঠিকানা আর বয়স ঠিক কোরে লিখতে ভুলো না যেন। বয়স কেন জানতে চাওয়া হচ্ছে জান? ইংলণ্ডের ছেলে মেয়েরাও যার যার বয়স জানিয়েছে কিনা—সেইজন্য যার যেমন বয়স তাকে সেই রকম বয়সের ছেলে কিংবা মেয়ের ঠিকানা পাঠিয়ে দেওয়া হবে। আমরা ইংলণ্ড, স্কটল্যান্ড, আয়ারল্যান্ড ও ওয়েল্‌সের ছেলেমেয়েদের কাছ থেকে যে সব চিঠি পাচ্ছি সে সব চিঠি যদি তোমরা পড়তে তা হোঁলে বুঝতে পারতে যে, তোমাদের সঙ্গে আলাপ করবার জন্ত, তোমাদের দেশের কথা জানবার জন্ত তাদের কি আগ্রহ!

আমরা বাংলা দেশে রেডিও সার্কল (Radio Circle of Bengal) নামে যে প্রতিষ্ঠান গড়ে তোলবার চেষ্টা করছি সে সম্বন্ধে এবার তোমাদের কিছু বলব। রেডিও সার্কল জিনিষটী হবে একটা ক্লাবের মতন। এখানে এক থেকে কুড়ি বছর বয়সের ছেলেমেয়ে ও তা ছাড়া ষাট বছরের ওপরের বুড়োরা যোগ দিতে পারবেন। আমাদের এই ক্লাবের নিয়ম কালুনগুলো কি হবে এখনো তা অবিশিষ্ট ঠিক করা হয়-নি—ঠিক হোঁলে সময়মত তোমাদের জানানো হবে। কিন্তু ঠিক করা হয়েছে এখান থেকে অন্ততঃ দুটো কাজ করা হবে। প্রথমটি হচ্ছে, পৃথিবীর সমস্ত দেশের ছেলেমেয়েদের মধ্যে যাতে পরিচয় জমে উঠতে পারে আমরা তার চেষ্টা করব, আর দ্বিতীয়টী হচ্ছে, এই ক্লাবের সভ্যদের কাছ থেকে যে টাকা আদায় হবে (টাকা কত কোরে হবে তা এখনো ঠিক হয়নি) সেই

অর্থ দিয়ে বাংলা দেশের গরীব ও রুগ্ন ছেলেমেয়েদের সাহায্য করা হবে। আর যদি সম্ভব হয় তা হোলো ছোটদের জন্ম যে সব হাসপাতাল আছে সেখানে আমাদের ছোটদের বৈঠকে যা হয় তাও শোনাবারও ব্যবস্থা হবে। আমাদের এই Radio Club of Bengal প্রতিষ্ঠা হবার পর তোমাদের সকলকে জানানো হবে। আমি আশা করি যে, তোমরা সবাই এখানকার সভ্য হবে।

গত ছ-মাস থেকে ছোটদের বৈঠকের প্রতি ছেলেমেয়েরা খুব উৎসাহ দেখাতে আরম্ভ করেছিলেন। তাঁরা তাদের বৈঠকের সময়ও বাড়াবার জন্ম কিছুদিন থেকে অহুরোধ করছেন। তাঁর ফলে আগামী ৪ঠা ফেব্রুয়ারী থেকে ছোটদের বৈঠকের সময় আধঘণ্টার জায়গায় একঘণ্টা কোরে দেওয়া হোলো। আগামী ৪ঠা ফেব্রুয়ারী মঙ্গলবার বেলা সাড়ে পাঁচটার সময় যে বৈঠক বসবে সেই বৈঠক থেকে সময় বাড়ানো হোলো। ৪ঠা ফেব্রুয়ারী থেকে সময় বাড়ানো হোলো কেন জানো? ঐ দিন আমার জন্মদিন কিনা, সেই জন্ম!

আর একটি কথা বলে এবারকার মত তোমাদের কাছ থেকে বিদায় নিচ্ছি। সেদিন পেইলির দুর্ঘটনার জন্ম সহানুভূতি জানিয়ে বিলেতে তাঁর কোরে পাঠাতে যে অহুরোধ কবেছিলে সেজন্ম আমি তোমাদের ওপর যে কী খুসী হয়েছি তা আর কি বলব। পরের দুঃখে তোমাদের এই সহানুভূতি ও সাহায্য দেবার চেষ্টা দেখেই আমি তোমাদের বৈঠকের সময় বাড়িয়ে দিয়েছি আর তোমাদের জন্ম এইটুকু করতে পেরেছি সেজন্ম নিজেকেও খুব স্তম্ভী মনে করছি।

নিম্নলিখিত টেলিগ্রামটি পেইলি দুর্ঘটনার জন্ম ব্রিটিশ ব্রডকাস্টিং কোম্পানীকে পাঠান হয়েছিল :-

“বেঙ্গল রেডিও সার্কেলের ছেলেমেয়েরা তোমাদের মারফতে—পেইলি দুর্ঘটনায় পীড়িত সকলকে তাদের স্বদয়ের সহানুভূতি ও সাহায্য জানাচ্ছে।”

ইতি তোমাদের—

জে, আর, ষ্টেপ্লটন

(ষ্টেশন ডিরেক্টর, কলিকাতা)

গল্পদাঁদ

গল্প দাঁদা, গল্প দাঁদা, গল্প বল বেশ
কোথায় এত জমা থাকে, নাইক যে তার শেষ!
দেখিনিকো তোমায় আমি, কথায় এঁচে নিয়ে,
দু'চার কথা লিখে যাব কালি-কলম দিয়ে।
হয়তো তোমার বুকের ওপর দোলে বড় দাড়ি,
হয়তো চলে তার ওপরে মোটর ঘোড়া গাড়ী!
হয়তো সেথা বাসা বাঁধে মাছি, উকুন, পোকা,
হয়তো বা তেল মাখায় রোজই তোমার চাকর বোকা।
হয়তো তোমার দাড়ি দিয়ে দু'চার ছ' মণ তোলো,
হয়তো তোমার দাড়ি চেপে বালিশ কোলে ঢোলো!
হয়তো মোটেই নেইকো দাড়ি, হয়তো খুবই বুড়ো,
যেমন দেখি ঘুরে বেড়ায় হাক্কর মামার খুড়ো।
হয়তো মাথা টাকে ভরা, নেইকো মোটেই চুল,
হয়তো আমার হ'তেও পারে মাগাগোড়াই তুল।
যা হোক, তোমার ছোট্ট নাতির ভালবাসা জেনো,
সাঁঝের বেলা নিত্য-নতুন কথার বুড়ি এনো।

—শিবপ্রসাদ—

বড়দিনের সম্বর !!

প্রিয়জনকে আমাদের

কুস্তলবৃষা তেল।

১ শিশি উপহার দিলে : তিনি বড়ই সুখী
হবেন এবং আপনাকে ধন্যবাদ দেবেন। কিন্তু
ভুলবেন না। মূল্য—১শিশি ১ টাকা।

মাগুলাদি—১/০ আনা।

বি, এল, সেন এণ্ড কোং

১৪৬ ডি ২-৩, লোয়ার চিংপুর রোড,

কলিকাতা।

মহিলা মজলিস্

শ্রীমতী সুরূপা দেবীর নামহীন যে গল্পটী বেতার
জগতে প্রকাশিত হয়েছিল, নিম্নলিখিত মহিলারা সেই
গল্পটীর নামকরণ কোরে পাঠিয়েছেন।

শ্রীমতী কণকলতা ঘোষ—মুকসাতী

শ্রীমতী চারুবালা সেনগুপ্তা—ব্যথী

শ্রীমতী অপর্ণা দেবী - আহ্বান

শ্রীমতী প্রতিভারাণী ঘোষ—দরদী

—

নীচের এই কবিতাটী একদিন বেতারের মহিলা
মজলিসে পড়া হয়েছিল।

ঘাটের ব্যথা

১

মাথার উপরে বিশাল অশথ মেলেছে আপন কায়া
বিলায় আদরে শ্রান্ত পথিকে স্নিগ্ধ শীতল ছায়া
তারি পদতলে পড়ে আছি হায়,
জীবন রজনী নীরবে পোহায়
কেহ নাহি দেখে—ফিরে নাহি চায় দীর্ঘ বৃকের পানে,
নূতন যাহারা—নূতনেই চায় পুরাতনে নাহি জানে।”

২

ছিল একদিন—গিয়াছে যেদিন অতীতের কোলে মিশি
দিবা অবসানে ঘিরেছে কপাল—অন্ধ তামসী নিশি
যেদিন প্রথম মেলেছিল আঁধি
সেদিনের স্মৃতি বুক গেছে আঁকি’
সে মধুর স্মৃতি আজও যে আমার বক্ষে বেড়ায় ভাসি
জীবনের শেষে অশ্রুর আড়ে হেরি শৈশব হাসি।

৩

ভেবেছ কি মনে ছিলাম ধরায় এমনি জীর্ণ দেহ ?
ধরাতে আমিও লভেছিল সুখ—আমিও পেয়েছি স্নেহ,
শৈশবের সে নিরুপম দেহ

অজানা শিল্পী গড়েছিল কেহ ;
রক্ত সোপানে আঁকা ছিল কত তরু, লতা, ফুল, ফল
তারই কূলে কূলে আছাড়ি পড়িত চঞ্চল নদী জল।

৪

ছিল ও সোপানে মর্ষের রচা অপসরা দুটি নারী
অবনত দোহে শ্রান্ত পথিকে দিতেছে তুষার বারি
তারই পাশ দিয়া সুরকীতে গড়া
ছিল পথখানি আলো ছায়া করা
চিত্তির বেড়ায় ঘেরা দুটি পাশ,—রজনীগন্ধা বনে
সন্ধ্যা না হতে উঠিত স্রবাস চঞ্চল সমীরণে।

৫

ওই যে হোথায় ওই দেখা যায় পথখানি আঁকা-বাঁকা
এখন যেখানে কণ্টকবনে অবনত নিম্ন শাখা,
ছিল ওই পথ শেফালী বিছানো—
গন্ধ মধুর ভুবন ভুলানো—
ছেলে-মেয়েদের সে ফুল কুড়ানো, হাসি উৎসব মেলা
মান অভিমান, কত অভিনয় - সকাল সন্ধ্যাবেলা

৬

সকাল না হতে নির্জন পথে সরম জড়িত পায়ে,
কলসী কক্ষে আসিত বধূরা নুপুর বাজিত পায়ে
আসিত তরুণী লাস্য লীলায়
অলক্ত রেখা আঁকি মোর গায়
জল কল্লোল উঠিত ছাপায়ে কল-কল্লোল হাসি,
চকিতে পলাত গুনি বন ছায় কার সে অজানা বাঁশী।

৭

কত দিন কার কত সুখস্মৃতি আমারি বৃকেতে আঁকা
তাহারি সাক্ষী এখনো রয়েছে ওই অশথের শাখা
জান কি বন্ধু, কোন্ সে প্রভাতে
দুঃস্বপ্নের আঁধি মেলি একই সাথে—
একই স্মৃতে কেটেছে জীবন খেলেছি একই ছায়,
আজ কেহ নাই—আমি কেঁদে চাই সেও স্মৃতিছে হায় !

শুভ পাষণে বাঁধা ছিল আগে এই অশথের তল,
সকালে বিকালে মুখরি উঠিত কত কল কোলাহল
ছেলেদের মন মাতানো খেলায়

ধনিয়া উঠিত ছুপুর বেলায়,
সাঁঝের আঁধারে যে যাহার সব ফিরিত আপন ঘরে,
রহিয়া রহিয়া বহিত বাতাস পরাণ উদাস করে।

৯

পদতল দিয়ে উছলি-উছলি নদীজল যেত ব'য়ে,
আপনার মনে কল্ কল্ কল্ কি কথা যে যেত কয়ে,
তখন কি কেহ ভেবেছিল মনে

এদিন যে চির রবেনা জীবনে
ঘেরিয়া আসিছে কালের পক্ষ নিভাতে স্নেহের বাতি
মিলন বাসরে ঘনিয়ে আসিছে বিরহ আঁধার রাতি।

১০

ওগো বলে দাও, কি দোষে আমার হারাল স্নেহের দিন
অতীতের সেই উজ্জ্বল ছবি কোন্ সে আঁধারে লীন ?
সে রূপ আমার লুকালো কোথায় ?

সোণার স্বপন পলকে মিলায়
চেয়ে দেখি হায়, সবই মিশে যায় স্মৃতি রেখে যায় মনে
রাতাসেতে ওঠে মর-মর ধনি কম্পিত বেতবনে।

১১

নাহি আজ আর শেফালীর তলে বারে পড়া ফুলরাশি
এখন সেথায় কণ্টকবন বিদ্রূপ করে হাসি,
রজনীগন্ধা রজনীর শেষে—

শুকায়ে গিয়েছে শেষ হাসি হেসে,
গোলাপ, বকুল, চম্পক, বেলা মরণে লেভেছে ঠাঁই,
শুধু কেঁদে যায় উতলা সে বায় 'নাই ওরে কিছু নাই!'

১২

কে এসেছ আজ শ্রান্ত পথিক, এ ভাঙা ঘাটের বুকে,
কেন চেয়ে আছ ছল ছল আঁধি, স্তম্ভিত নতমুখে!

জান কি দীর্ঘ বক্ষে আমার
কি গভীর ব্যথা বাজে অনিবার!
জান কি বন্ধু, হারাম্বে ফেলেছি কতখানি আপনারে ?
পলে পলে প্রাণ হয় অবসান গভীর অন্ধকারে।

শ্রীমতী কল্পনা দেবী

— আশমানি —

আরাবল্লীর উপত্যকায় জর্নেক ভীল কবি তার
প্রিয়র সঙ্গে একদিন সন্ধ্যাবেলায় বসেছিল, এমন সময়
দূরে একটা পল্লীবালায় দুঃখের গান শুনতে পাওয়া গেল।
কবি-পত্নী এই দুঃখগাথার ইতিবৃত্ত শুনতে চাওয়ায়
—ভীলকবি বলতে লাগলো—

দুঃশ বছর আগে এই উপত্যকায় মল্লয়া বলে এক
ভীল সর্দার বাস করত। তার অধীনস্থ প্রজার এক
সুন্দরী কন্যা ছিল—নাম তার আশমানি। এই আশমানির
সঙ্গে মল্লয়ার বিয়ে হবার কথা ছিল। কিন্তু এই
দেশের রাজা আশমানির রূপ দেখে মুগ্ধ হয় এবং
মল্লয়াকে আশমানির দাবী দিয়ে বন্দী করে। অনেক
মিনতির পর তিন দিনের কড়াবেরে মল্লয়া মুক্তি পায়
এবং রাজাকে কথা দেয় যে, তিন দিনের মধ্যেই

ছেলেমেয়েদের একমাত্র

সর্বশ্রেষ্ঠ মাসিক পত্র

যাদুঘর

যাদুঘরের মতই বিচিত্র। গল্প, গাথা, কবিতা,
ইতিহাস, হাসি-কান্নায় ভরা। গ্রাহক
গ্রাহিকাদের লেখা প্রকাশ করা হয়।

সম্পাদক—শ্রীপ্রেমাক্ষর আতর্ষী

ও

শ্রীগিরিজাকুমার বসু

দাম ২।০ টাকা, ভিপিতে ২।৫০

২০৮।২ এফ্ কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

আশমানিকে রাজার হাতে তুলে দেবে। কিন্তু এই তিন দিনের শেষ দিনে মল্লয়া আশমানিকে বিয়ে করবে ঠিক করে এবং তার জন্তে মস্ত উৎসব হয়।

উৎসবে যখন সকলে মত্ত—রাজা তিনদিনের অপেক্ষা না করেই উপত্যকা আক্রমণ করে এবং আশমানিকে জোর করে ধরে নিয়ে যায়—ফলে মল্লয়া এবং তার অগ্রাণু সহচর রাজার গতিরোধ কর্তে উপত্যকা বিরে ফেলে এবং পাহাড়ের চূড়া ভেঙে গিরিপথ রোধ কর্তে যায়।

কিন্তু দুর্ভাগ্যবশতঃ মল্লয়া পাহাড় থেকে পিছলে পড়ে গিয়ে রাজার বন্দী হয়।

রাজা আশমানিকে নিজ অঙ্কশায়িনী করবার জন্তে অহুরোধ এবং অত্যাচার করতে থাকে। শেষে আশমানি অল্প উপায় না পেয়ে এক পহ্লা অবলম্বন করে। ফলে মল্লয়ার বিচারের সময় আশমানি যাতে মল্লয়ার জীবনের

শেষ হয় এই ভিক্ষা চায় এবং রাজাকে আত্মদান কর্তে স্বীকৃত হয়।

আশমানির কথা শুনে মল্লয়া নিজের কটিদেশ থেকে ছুরী বাঁর করে দেয় তার নিজের হত্যার জন্তে। আশমানি নির্ভয়ে তা তুলে নিয়ে মল্লয়ার বুকে বসিয়ে দিয়ে সেই রক্তমাখা ছোরা নিজের বুকের মাঝে বিধিয়ে জীবনের শেষ করে। রাজা—নির্ঝাঁক!

গল্প শেষ হবার আগেই ভীলকবির প্রিয়া বললে—
“প্রিয়—থাক আর গল্পে কাজ নেই। ভীলকবি বললে—
“ভয় কি প্রিয়ে-এই যে তুমি আমার বুকের মধ্যে রয়েছ।”

আশাতীত মূল্য হ্রাস

বার্ণডেস্ট, ম্যাকমাইকেল রিসিভার ও কম্পোনেণ্ট্‌স্

এবং

জগৎবিখ্যাত য়াম্প্লিয়ন লাউডস্পীকারের

সম্পূর্ণ মূল্যতালিকা এক্ষণে প্রস্তুত

আপনাকে আমরা কি একখানি পাঠাইতে পারি ?

তবে একখানির জন্ত নিম্নলিখিত ঠিকানায় আবেদন করুন :-

ইণ্ডিয়ান স্টেট্‌স এণ্ড ইষ্টাণ এজেন্সী লিঃ

মারকেন্টাইল্ বিল্ডিংস

লালবাজার, কলিকাতা।

ফোন নং কলিকাতা ৩৫৮০

টেলিগ্রাম—বাসরিলিফ

মহুয়া—ভীল সর্দার—

রাজা—বীরেনবাবু—

সামন্ত সিং—মহুয়ার সহায়—ধীরেন দাস

আশমানি—ভীলকছা—মিস্ বেদনাবালা

পল্লীবালা—মিস্ বীণাপাণি

ভীলকবির প্রিয়া—প্রফুল্লবালা

— আশমানি —

প্রথম স্তর

ভীলকবি, পল্লীবালা, মহুয়া, ভীলসর্দারগণ, রাজা

দ্বিতীয় স্তর

উৎসব-সঙ্গী ও সঙ্গিনী, আশমানি,

রাজা, মহুয়া, সভাসদগণ

বেতার দর্শন-যন্ত্র

প্রত্যেক নতুন জিনিষ আবিষ্কার হবার প্রারম্ভে বাইরে থেকে কতকগুলি লোক তাকে উপহাস করে উড়িয়ে দেবার চেষ্টা করবেই। ১৮৮২ সালে যখন বিজলী বাতি আবিষ্কৃত হোলো এবং ইংলণ্ডের স্ফটিক প্রাসাদে (brystal Palace) বিজলী বাতির প্রদর্শনীতে তার প্রথম প্রকাশ হোলো সেই সময় গ্যাসবিভাগের কর্তৃপক্ষ বেশ জোর গলায় বলে উঠেছিলেন এর দ্বারা আমাদের ঘরে আলোর অভাব দূর হওয়া অসম্ভব। বেল সাহেব যখন টেলিফোন আবিষ্কার করেছিলেন তখন ইংলণ্ডের ডাক-বিভাগের কর্তারা হেসে বলেছিলেন, এ বেশ একটা

The Newest Sets : The Cheapest Rates :

LIVE COMPONENTS.

REAL PRICES for REAL QUALITIES,

MANUFACTURERS STOCK CLEARANCE LOT

BROWN 'E' Loudspeakers Rs. 40/-

বিলাতের গুদাম সাবাড়ী "E" লাউডস্পিকার ৪০ টাকা

For other Radio Bargains either call or write to

UNIVERSAL RADIO STORES.

54, BOWBAZAR STREET.

FRONTAGE, CENTRAL AVENUE.

Junction of Bowbazar and Central Avenue,

ছেলেদের খেলার জিনিষ হয়েছে।' এমনিভাবে সকলের কাছে টেলিগ্রাফও অভ্যর্থিত হয়েছিল। মার্কিন সাহেবের বেতার বার্তা যেদিন সকলে শুনলে তখনও সকলে এটা বেশ একটা মজার ব্যাপার বলেই মনে করেছিল, এর যে কোন সার্থকতা আছে বা সত্যিকারের কোন কাজ এর দ্বারা হতে পারে সেটা কেউ বোঝেন-নি। অপর পক্ষে আর একদল লোক অদম্য সাহস নিয়ে বিজয়-যাত্রা করতে ছুটে গিয়েছিলেন এবং অদূর ভবিষ্যতে প্রতিপক্ষদের হটিয়ে দিয়ে তাঁরা জয়মাল্যও নিয়ে আসতে পেরেছিলেন। এই রকম প্রত্যেক ব্যাপারটিতে আমি দেখতে পাই যে, একদল হোলো স্বপক্ষে আর—আর একদল যান ঘোরতর বিপক্ষে। একদল আর একদলকে ঠাট্টা চিরকালই করবেন। একদল বলেন, জয় অনিশ্চিত আর একদল বলেন সাফল্য তো অচিরেই।

বেতার-দর্শন-যন্ত্র আবিষ্কারের এই প্রথম অবস্থায় এই চিরাচরিত ঘটনারও ব্যতিক্রম হয়-নি। অবশু বর্তমানে যে ভাবে জিনিষটা দাঁড়িয়েছে সেটা যে অতি চমৎকার হয়েছে তা' বলা যায় না, তবে এ কথা ঠিক যে অদূর ভবিষ্যতে আমরা খুব ভাল করেই এ জিনিষটি লোককে দেখাতে পারবো! প্রথম যে-কোন জিনিষ আবিষ্কৃত হয়েছে তার যে সমস্ত ক্রটি থাকা সম্ভব তা' সমস্তই এখনও এতে বর্তমান এবং তাতে আশ্চর্য হবার কিছু নেই। তবে আর একটা কথা এই যে, কতকগুলো জিনিষ এমন আবিষ্কৃত হয়েছে যা আজও পর্যন্ত প্রাথমিক অবস্থার প্রভাব মুক্ত হয়ে উঠতে পারিনি। অথচ তা' মানুষের চালাবার পক্ষে বেশ ভালই হয়েছে। যেমন

ধরুন বেল সাহেবের টেলিফোন। আজও তার খুব উন্নতি হয়েছে এমন কথা বলা যেতে পারে না। অনেক সময় দেখবেন যে, টেলিফোনে আন্দাজে কথা বুঝে নিতে হচ্ছে। এটা কি করে সম্ভব হয় জানেন। মানুষের নিত্য অভ্যাসের কথা বলার ফলে কানে দু' একটি কথা এসে ঠেকলেই চট করে পুরো কথাটার ভাবার্থ সে ধরে নিতে পারে। সেই জন্মে আমাদের খুব অশুবিধে হয় না। তেমনি আমাদের দৃষ্টি শক্তিরও এমন একটা গুণ আছে যা দিয়ে আমরা একটা আবছায়া জিনিষকে কল্পনার সাহায্যে বেশ ভাল ভাবেই দেখে নিতে পারি। অনেক সময় এ রকম ঘটে থাকে। সামান্য ইন্ধিতটুকুই যথেষ্ট। ঝাঁরা জগীয় রং ব্যবহার করে প্রাকৃতিক দৃশ্যাদি অঙ্কন করে থাকেন তাঁরা এটা বেশ ভাল ভাবেই জানেন যে বেশী রং চং করতে গেলেই ও দৃশ্যের খুঁটিনাটি আঁকতে গেলেই ছবি খারাপ হয়ে যায়। আমার মনে হয় মানুষের কল্পনাকে একটু জায়গা ছেড়ে দেওয়া সব সময় দরকার। বেতার-দর্শন-যন্ত্রের সাহায্যে আমরা যদি খানিকটা আলোছায়ায় সমাবেশে মাত্র ইন্ধিতটুকুও ফুটিয়ে তুলতে পারি তা হলেও আমি মনে করবো যথেষ্ট হোলো। তাতে দর্শকের আনন্দও বাড়বে বলে মনে হয়। বেয়ার্ড কোম্পানীর যে যন্ত্র প্রস্তুত করে সকলকে দেখাচ্ছেন তার সম্বন্ধে অনেকে প্রশ্ন করছেন যে সেগুলো কি খুব স্পষ্ট? আমার উত্তর হচ্ছে এই যে আগেকার থেকে তাঁরা যথেষ্ট উন্নতি করেছেন এবং যে সমস্ত দর্শক তা' দেখেছেন তাঁরা যে তাতে সন্তুষ্ট হয়েছেন তা জোর করে বলতে পারি। টেলিভিশনের সাফল্য সম্বন্ধে আমাদের দৃঢ় বিশ্বাস আছে।

USE THE BEST
THE EVER READY (INDIA) COMPANY
5, GARSTIN PLACE, HARE STREET, CALCUTTA

EVER READY

BATTERIES

Are the

BEST BATTERIES

USE THE BEST

THE EVER READY (INDIA) COMPANY.

5, GARSTIN PLACE, HARE STREET, CALCUTTA.

অনুষ্ঠান-পত্র

ভারতীয় প্রোগ্রাম

কলিকাতা স্টেশন

(সর্বস্বত্ব সংরক্ষিত)

শুক্রবার, ৩১শে জানুয়ারী ১৯৩০

কণ্ঠসঙ্গীত

	প্রাতঃকালীন অনুষ্ঠান	৫-৫০	কুমারী বাণাপাণি লাহিড়ী
৮টা	কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা	৫-৫৫	কুমারী রাণী চট্টোপাধ্যায়
	ইউরোপীয় প্রোগ্রাম	৬টা	ইউরোপীয় প্রোগ্রাম (ছোটদের জন্য)
৮।-৯টা	ভারতীয় প্রোগ্রাম		
	সংবাদ জ্ঞাপন		
	গ্রামোফোন রেকর্ড	৬।টা	কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
	দ্বিপ্রাহরিক অনুষ্ঠান		ইউরোপীয় প্রোগ্রাম
১২।টা	ভারতীয় গ্রামোফোন রেকর্ড	৭।টা	আবহাওয়া বিজ্ঞাপন, সংবাদ জ্ঞাপন, বাজার দর, পাট ও গানির দর
১টা	ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড	৮টা	ভারতীয় প্রোগ্রাম
২-২।টা	মহিলা মজলিস বক্তা—শ্রীবিষ্ণু শর্মা বিষয়—বিশ্বশুভতা		কণ্ঠসঙ্গীত শ্রীহিন্দুভূষণ সেন (বাংলা) কুমারী পুষ্পাঙ্গী চট্টোপাধ্যায় (বাংলা) শ্রীবিনয়কৃষ্ণ মুখোপাধ্যায় (বাংলা)
	বৈকালিক অনুষ্ঠান		
৫টা	ইউরোপীয় প্রোগ্রাম (মহিলাদের জন্য)		বক্তৃত্তা
৫।টা	ছোটদের বৈঠক বক্তা—গল্প দালা	৮।টা	বক্তা—ডাঃ এ, দত্ত বি, এস, সি বিষয়—দাঁতের যত্ন

কণ্ঠসঙ্গীত

- ৮-৫০ শ্রীনারায়ণচন্দ্র দত্ত (বাংলা)
 শ্রীকৃষ্ণচন্দ্র দে (বাংলা)
 শ্রীকালীপদ পাঠক (বাংলা)
 মিস্ আঙ্গুরবালা (বাংলা)

- ৯টা মিস্ আঙ্গুরবালা (হিন্দী)
 শ্রীকালীপদ পাঠক (হিন্দী)
 শ্রীকৃষ্ণচন্দ্র দে (হিন্দী)

কীর্তন

- ১০টা শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায়

যন্ত্রসঙ্গীত

- ১০-১৫ ছোটে খাঁ (সারঙ্গী)

- ১০টা God Save the King Emperor

শেষ

শনিবার, ১লা ফেব্রুয়ারী, ১৯৩০

প্রাতঃকালীন অনুষ্ঠান

- ৮টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
 ইউরোপীয় প্রোগ্রাম

- ৮টা-৯টা ভারতীয় প্রোগ্রাম

সংবাদ জ্ঞাপন
 গ্রামোফোন রেকর্ড

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

- ১২টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড
 ১-২টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

সাক্ষ্য-অনুষ্ঠান

- ৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

যন্ত্রসঙ্গীত

- শ্রী অমলভূষণ মুখোপাধ্যায় (বেংলা)

কণ্ঠসঙ্গীত

- কুমারী হিমালী সরকার
 মিস্ ব্যানার্জী
 শ্রীগোপালচন্দ্র সেনগুপ্ত
 কুমারী মলিনা হালদার
 কুমারী উমা চন্দ্র
 শ্রীপঙ্কজকুমার মল্লিক

মিস্ দত্ত

- শ্রীউনাপদ ভট্টাচার্য

যন্ত্র-সঙ্গীত

- শ্রী অনিলকুমার ঘোষ (বাঁশি)

- ৯টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ
 বাজার দর

- ৯টা ইউরোপীয় প্রোগ্রাম

ব্যাণ্ড

(ফারপার বল-রুম থেকে রিলে হবে)

- ১১টা God Save the King Emperor
 শেষ

রবিবার, ২রা ফেব্রুয়ারী, ১৯৩০

প্রাতঃকালীন অনুষ্ঠান

- ৮টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
 ভারতীয় প্রোগ্রাম

কণ্ঠসঙ্গীত

শ্রী হীরেন্দ্রকুমার বসু
শ্রী কালীপদ চট্টোপাধ্যায়

৮৪৫

কণ্ঠসঙ্গীত

কুমারী সাধনা দেবী (বাংলা)
মিস্ আভাবতী (বাংলা)
শ্রীমতী মনোরমা সান্যাল (বাংলা)

যন্ত্রসঙ্গীত

৮-৫০ শ্রী বঙ্কিমচন্দ্র ঘোষ (ক্ল্যারিওনেট)

২-১৫

আবহুল আজিজ খাঁ (হিন্দী)

কণ্ঠসঙ্গীত

২-৫ শ্রী শৈলেন্দ্রনাথ ভট্টাচার্য্য (বাংলা ও হিন্দী)
মিস্ উবারাণী (বাংলা ও হিন্দী)

২-৩৫

হাসির গান

শ্রী নলিনীকান্ত সরকার

যন্ত্রসঙ্গীত

২-৪৫-১০টা শ্রী নৃপেন্দ্র মজুমদার (ক্ল্যারিওনেট)
(সঙ্গত - শ্রী রাইচাঁদ বড়াল)

৯-৫৫

শ্রী জ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী

১১-১০টা ইউরোপীয় প্রোগ্রাম

১-১৫

যন্ত্র-সঙ্গীত

শ্রী অশোককৃষ্ণ ঘোষ (স্বগোদ)

৬টা সাক্ষ্য-অনুষ্ঠান

১০টা

God Save the King Emperor.

শেষ

৬টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

সোমবার, ৩রা ফেব্রুয়ারী, ১৯৩০

ইউরোপীয় প্রোগ্রাম

উপাসনা

প্রাতঃকালীন অনুষ্ঠান

(সেন্ট পল্‌স্ ক্যাথেড্রেল থেকে রিলে হবে)

৮টা

কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

৭টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ,

ইউরোপীয় প্রোগ্রাম

৮টা ভারতীয় প্রোগ্রাম

৮-১টা

ভারতীয় প্রোগ্রাম

পৃথিবী-পর্ষটক শ্রীবিমল মুখোপাধ্যায়ের

সংবাদ জ্ঞাপন

রোজনাম্‌চা হইতে পাঠ

গ্রামোফোন রেকর্ড

পাঠক—শ্রী বীরেন রায়

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

কণ্ঠসঙ্গীত

৮-১৫ মাষ্টার মধুসূদন দেব
মিস্ প্রফুল্লবালা

১০টা

ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা

ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

যন্ত্রসঙ্গীত

৮-২৫ মিঃ আর, সি. বড়াল (পিয়ানো)

২-২টা

মহিলা মজলিস

বক্তা শ্রী বিষ্ণু শর্মা

বিষয়—হাসির গল্প

THE AMAZING NEW

BROWN

“VEE” UNIT

A Complete Loud-Speaker

in 2 Minutes

Unit can be instantly fixed to the chassis, forming the most perfect Loud Speaker in the world. Utilising entirely new principles it cannot chatter or distort. Overloading is impossible and it possesses the widest frequency range of any Unit. Tremendous volume with amazingly pure and mellow tone.

Rs 21/14/-
UNIT

BOMBAY RADIO

CO. LTD.

BOMBAY & CALCUTTA.

Rs. 13/2/-
CHASSIS

বৈকালিক অনুষ্ঠান

২টা

আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ
বাজার দর, পাট ও গানির দর

৫-৫.টা

ইউরোপীয় প্রোগ্রাম (মহিলাদের জন্য)

৯টা

ইউরোপীয় প্রোগ্রাম

সান্ধ্য-অনুষ্ঠান

১০টা

God Save the King Emperor

৭টা

কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

শেষ

(হিন্দী অনুষ্ঠান)

কর্ণসঙ্গীত

মঙ্গলবার, ৪ঠা ফেব্রুয়ারী, ১৯৩০

প্রাতঃকালীন অনুষ্ঠান

শ্রীরমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

মিস্ বীণাপাণি

মহম্মদ হাদি

মিস্ আনুরবালা

অধ্যাপক গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়

শ্রীকৃষ্ণচন্দ্র দে

৮টা

কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

৮-৯টা

ভারতীয় প্রোগ্রাম

সাধারণ সংবাদ

গ্রামোফোন রেকর্ড

যন্ত্রসঙ্গীত

৮-৪৫

শ্রীরাজেন্দ্রনারায়ণ সেনগুপ্ত (স্বরোদ)

রেখা

কাব্যগ্রন্থ

শ্রীকনকলতা ঘোষ প্রণীত। মূল্য ৮০

ঐহারা বেতারের মহিলা আসরে উক্ত গ্রন্থ রচয়িত্রীর রচনা পঠিত হইতে শুনিয়াছেন তাঁহাদের “রেখা” পাঠ করিতে অনুরোধ করা যাইতেছে, সেজন্য “বেতার জগতের” গ্রাহক গ্রাহিকাগণের জন্য পুস্তকখানির মূল্য হ্রাস করা হইল, ঐহারা বেতার জগতের বিজ্ঞাপনটী—

৬১ নং কর্ণওয়ালিস স্ট্রীট

ডি, এম, লাইব্রেরীতে দেখাইবেন তাঁহারা মাত্র ১০/০ মূল্যে “রেখা” পাইবেন, দুই তিন মাস “বেতার জগতের” গ্রাহক অনুরোধকারীগণকে এই সুবিধা দেওয়া হইল।

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

১২টা

ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা

ইউরোপীয় ব্যাণ্ড

(ফার্মপোর বল-রুম থেকে রিলে হবে)

২-২টা

মহিলা মঙ্গলিস

বক্তা—শ্রীবিষ্ণু শর্মা।

বিষয়—ধর্মবিষয়ক কথা

বৈকালিক অনুষ্ঠান

৫টা

ইউরোপীয় প্রোগ্রাম (মহিলাদের জন্য)

৬টা

ছোটদের বৈঠক

বক্তা—গল্প দালা

ভারতের যে কোনো প্রান্তে বসে
লণ্ডন, হল্যাণ্ড, মস্কো, বোম্বাই প্রভৃতি দেশের
বেতার-বার্তা শুনুন।

আমাদের ৩ ভাণ্ড সংযুক্ত বেতার গ্রাহক-যন্ত্র বাজারের মধ্যে সর্বশ্রেষ্ঠ।
দশদিন ব্যবহারের পর পছন্দ না হইলে ফেরৎ দিতে পারেন। ছয় মাসের মধ্যে
যন্ত্র খারাপ হইলে পর আমাদের লোক গিয়ে মেরামত করে দিয়ে আসতে
পারে। লোকের পারিশ্রমিক লাগবে না।

লণ্ডন, হল্যাণ্ড, জাভা, বোম্বাই, কলিকাতা

ও

ভারতের যে কোনো জায়গার গান বাজনা হইতে শুনতে পারেন।

বাড়ীর ইলেকট্রিক এলিমিনেটর, একিউমুলেটর অথবা ড্রাই ব্যাটারীর
সাহায্যে শুনতে পারেন।

সমস্ত সরঞ্জাম শুদ্ধ—একটি বড় লাউড স্পীকার, ব্যাটারী, একিউমুলেটর,
এরিসল, মাটিতে লাগাবার তার এবং আর ২ কয়েল তার—সর্বসমেত—দাম
২১০/- টাকা।

সস্তার কুঠাল সেট—২০/- টাকা হইতে উঠে।

আমাদের এখানে ইউরোপীয় কারিগর দিয়ে যন্ত্র মেরামত করান হয়। আজই ক্যাটালগের জ্ঞান পত্র লিখুন।

জি রজার্স এণ্ড কোং

২৩ নং লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

ফোন কলিঃ ৫৪৭৯

টেলি—Groger

সাক্ষ্য-অনুষ্ঠান

৬টা

কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

বেতার নাটকে দল কর্তৃক অভিনয়

শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায়ের

চণ্ডীদাস

৯টা

আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

১১টা

ইউরোপীয় প্রোগ্রাম

১১টা

God Save the King Emperor,

শেষ

বুধবার, ৫ই ফেব্রুয়ারী, ১৯৩০

প্রাতঃকালীন অনুষ্ঠান

৮টা

কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

৮—৯টা

ভারতীয় প্রোগ্রাম

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

১২টা

ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১টা

ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

২-২১টা	মহিলা মজলিস — বক্তা—শ্রী বিষ্ণু শর্মা বিষয়—ভারতবর্ষের জঙ্গলের পশুপক্ষী — বৈকালিক অনুষ্ঠান —	৮টা	ভারতীয় প্রোগ্রাম কথা বক্তা—শ্রী বীরেন রায় বিষয়—রেডিও স্টেট ট্রিক রাধিবীর সংস্কৃত — কণ্ঠসঙ্গীত শ্রী হীরেন্দ্রকুমার বসু (বাংলা) শ্রী রামচন্দ্র পাল (বাংলা) শ্রী অনিলকুমার বসু (বাংলা) শ্রী নুট বারো পাল (বাংলা) — আবৃত্তি শ্রী হরকুমার সরকার — কণ্ঠসঙ্গীত বৈঠকী শ্রী জ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী মিস্ উষারানী শ্রী কালীপদ পাঠক — কীর্তন শ্রী নিত্যগোপাল মুখোপাধ্যায় — ষষ্ঠসঙ্গীত ছোট্টে খাঁ (সারেঙ্গী) — God Save the King Emperor. শেষ —
৫-৫১টা	ইউরোপীয় প্রোগ্রাম (মহিলাদের জন্ত) — সাক্ষ্য-অনুষ্ঠান —	৮-১৫	৮-৫৫
৬টা	কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা ইউরোপীয় প্রোগ্রাম —	৯-৫	৯-৫
৭টা	আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ, বাজার দর, পাট ও গানির দর —		

সুবিধামত মাসিক কিস্তিতে ডি সি মেন সেট

যাহা বাড়ীর ইলেকট্রিক কে চলে
৯৮-৬০ হইতে ১৩০ টাকা দামে
পাওয়া যায়।

ডেরাডিও কোং

৫১, কেণ্ডারডাইন লেন

সেন্টাল এ্যাভিনিউর উপর

কলিকাতা—ফোন নং ৩৭২৬, বড়বাজার

১০টা	১০-১২	১০টা
৮টা	৮-১২টা	

	দ্বিপ্রাহরিক অনুষ্ঠান		বক্তৃতা
১২টা	ভারতীয় গ্রামোফোন রেকর্ড		বক্তা—স্বামী মাধবানন্দ
	—		বিষয়—প্রাথমিক শিক্ষা
১টা	ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড		—
	—		কণ্ঠসঙ্গীত
২-২টা	মহিলা মজলিস	৭-২০	মিস্ আবীরাবালা (বাংলা)
	বক্তা—শ্রীবিষ্ণু শর্মা		শ্রীহরিকেশ বন্দ্যোপাধ্যায় (বাংলা)
	বিষয়—আবৃত্তি		শ্রীমলিনীকান্ত লাহিড়ী (বাংলা)
	—		শ্রীবিজয়লাল মুখোপাধ্যায় (বাংলা)
	বৈকালিক অনুষ্ঠান		মিস্ বীণাপাণি (বাংলা)
	—		—
৫-৫টা	ইউরোপীয় প্রোগ্রাম (মহিলাদের জন্য)	৮-১৫	মিস্ বীণাপাণি (হিন্দী)
	—		শ্রীনারায়ণ দত্ত (হিন্দী)
	সান্ধ্য-অনুষ্ঠান		শ্রীজ্ঞানেন্দ্রমোহন দত্ত (হিন্দী)
	—		—
৭টা	কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা		যন্ত্র-সঙ্গীত
	ভারতীয় প্রোগ্রাম	৮ ৪৫	মুস্তাক আল খাঁ (সেতার)
	—		—
	—	৯টা	আবহাওয়া বিজ্ঞাপন, সংবাদ-জ্ঞাপন,
	—		বাজারের দর, পাট ও গানির দর

এক্সসাইড

দীর্ঘকালস্থায়ী ব্যাটারী

বিশুদ্ধ বেতারবার্তার জন্য ব্যবহার করুন।

Exide
The Long Life Battery



সকল রেডিও বিক্রেতার কাছে পাইবেন।

F. & C. OSLER Ltd, Calcutta

৯টা	ইউরোপীয় প্রোগ্রাম
	ব্যাণ্ড
	(ফার্মপোর বল-ক্রম থেকে রিলে হবে)
	—
১১টা	God Save the King Emperor
	শেষ
	—
	শুক্রবার, ৭ই ফেব্রুয়ারী, ১৯৩০
	প্রাতঃকালীন অনুষ্ঠান
	—
৮টা	কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
	ইউরোপীয় প্রোগ্রাম
	—
৮-৯টা	ভারতীয় প্রোগ্রাম
	—
	সংবাদ জ্ঞাপন
	গ্রামোফোন রেকর্ড

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

১২টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড
১টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

২-২০টা মহিলা মঞ্জলিস্
বক্তা—শ্রীবিষ্ণু শর্মা
বিষয়—শ্রীরামকৃষ্ণ কথামৃত

বৈকালিক অনুষ্ঠান

৫টা ইউরোপীয় প্রোগ্রাম (মহিলাদের জন্ত)

৫টা ছোটদের বৈঠক
বক্তা—গল্প দাদা

সাক্ষ্য-অনুষ্ঠান

৬টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

৭টা আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ
বাজার দর, পাট ও গানির দর

৮টা ভারতীয় প্রোগ্রাম

বক্তৃতা

বক্তা—শ্রীনগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
বিষয়—শিশুদের মনস্তত্ত্ব

কণ্ঠসঙ্গীত

৮.১৫ শ্রীহীরেন্দ্রকুমার বহু (বাংলা)
শ্রীপঙ্কজকুমার মল্লিক (বাংলা)
শ্রীবিনয়কৃষ্ণ মুখোপাধ্যায় (বাংলা)

যন্ত্রসঙ্গীত

৮-৪৫ চিত্রা সংসদ কর্তৃক ঐক্যতান বাদন

কণ্ঠসঙ্গীত

৮-৫৫ শ্রীপ্রভাতকুমার চট্টোপাধ্যায় (বাংলা)
শ্রীক্ষেত্রনাথ ভট্টাচার্য্য (বাংলা)
মিস্ আঙ্গুরবালা (বাংলা)
শ্রীকৃষ্ণচন্দ্র দে (বাংলা)

আবৃত্তি

৯-৩১ মিঃ এন্, চ্যাটার্জি

কণ্ঠসঙ্গীত

৯-৪১ শ্রীতারাপদ চক্রবর্তী (হিন্দী)
মিস্ আঙ্গুরবালা (হিন্দী)
শ্রীকৃষ্ণচন্দ্র দে (হিন্দী)

BROWN'S

ORIGINAL

"E"

LOUDSPEAKERS

Rs. 75-

ONLY A FEW LEFT

INDIAN RADIO CORPORATION.

52/1/1, College Street, Calcutta.

Phone B. B. 3984

Digitized by Google

যন্ত্রসঙ্গীত
 ১০ ১৫ শ্রীরাজেন্দ্রনারায়ণ সেনগুপ্ত (স্বরোদ)
 —
 ১০১টা God Save the King Emperor
 শেষ

শনিবার, ৮ই ফেব্রুয়ারী, ১৯৩০

প্রাতঃকালীন অনুষ্ঠান

৮টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
 ইউরোপীয় প্রোগ্রাম
 —
 ৮১—৯টা ভারতীয় প্রোগ্রাম
 —
 সংবাদ জ্ঞাপন
 গ্রামোফোন রেকর্ড

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

১২টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড
 ১—২টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

সান্ধ্য-অনুষ্ঠান

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ভারতীয় প্রোগ্রাম

পালা গান

বিষয়—শ্রীকৃষ্ণের নৌ-বিহার
 (শ্রীযুত গোপালচন্দ্র মিত্রের অধিনায়কত্বে)

৯টা আবহাওয়া-বিজ্ঞাপন, সাধারণ সংবাদ,
 বাজার দর

৯টা ইউরোপীয় প্রোগ্রাম

১০১টা God Save the King Emperor.

শেষ

রবিবার, ৯ই ফেব্রুয়ারী, ১৯৩০

প্রাতঃকালীন অনুষ্ঠান

৮টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
 ভারতীয় প্রোগ্রাম

কণ্ঠসঙ্গীত

শ্রীউমাপতি সাম্মাল (বাংলা)

শ্রীআশুতোষ সেনগুপ্ত (বাংলা)

কথকতা

৮-৫০

কথক - অমল্যকুমার বিদ্যাহুষণ

Digitized by Google



“কোরাল”

ট্রান্সপেরেন্ট
 গ্লিসারিন
 সোপ

ইহা শীতের বিশেষ

উপযোগী। এই

সাবান ব্যবহারের

পর চর্ম্ম মসৃণ থাকে।

ইহার গন্ধ মুছ মধুর

এবং ইহা প্রবালের

চায় স্বচ্ছ।

কলিকাতা সোপ ওয়ার্কস্

‘ক্যালসো’ পার্ক

বালিগঞ্জ

৯-১০	বৈঠকী সঙ্গীত শ্রীনারায়ণচন্দ্র দত্ত শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী — যন্ত্র-সঙ্গীত	৮-৫৫	কণ্ঠসঙ্গীত (হিন্দী ও বাংলা) মিস্ অভাবতী কুমারী স্বধীরা দাসগুপ্তা শ্রীশৈলেন্দ্রনাথ ভট্টাচার্য
৯-৪০—১০টা	ছোট্টে বাঁ (সারেন্দ্রী) —		—
১১—১টা	ইউরোপীয় প্রোগ্রাম ব্যাণ্ড (ফার্ম.পার বল-রুম থেকে রিলে হবে) —	৯-৩৫	আবৃত্তি মিঃ পি, মুখার্জী —
৬-১৫	সাক্ষ্য-অনুষ্ঠান কর্পোরেশনের ঘড়ি অফসারে সময় ঘোষণা —	৯-৫৫	কীর্তন শ্রীনিত্যগোপাল মুখোপাধ্যায় —
৭-১৫	ইউরোপীয় প্রোগ্রাম উপাসনা (সেন্ট্ এণ্ড্ রুজ গির্জা থেকে রিলে হবে) —	১০টা	যন্ত্র-সঙ্গীত শ্রীঅশোককৃষ্ণ ঘোষ (স্বরোদ) —
৭-১৫	আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ —	১০-১০	God Save the King Emperor. শেষ —
৭-৪৫	ভারতীয় প্রোগ্রাম —		
	পৃথিবী-পর্ধ্যটক শ্রীবিমল মুখোপাধ্যায় প্রেরিত রোজনাম্‌গা হইতে পাঠ পাঠক—শ্রীবীধেন রায় —		সোমবার, ১০ই ফেব্রুয়ারী, ১৯৩৩ প্রাতঃকালীন অনুষ্ঠান —
	যন্ত্রসঙ্গীত ষ্টেশন অর্কেষ্ট্রা (মিঃ আর, সি, বড়ালের অধিনায়কত্বে) —	৮টা	কর্পোরেশনের ঘড়ি অফসারে সময় ঘোষণা ইউরোপীয় প্রোগ্রাম —
৮-১০	কণ্ঠসঙ্গীত কুমারী স্বনীলা বহু (বাংলা) মিস্ প্রফুল্লবালা (বাংলা) শ্রীঅমরেন্দ্রনাথ বহু (বাংলা) —	৮—৯টা	ভারতীয় প্রোগ্রাম — সংবাদ জ্ঞাপন গ্রামোফোন রেকর্ড —
৮-৪০	বক্তৃতা ডাঃ এ দত্ত বি, এন্স সি বিষয়—অ.পনার দাঁত —	১২টা ১টা	দ্বিপ্রাহরিক অনুষ্ঠান — ভারতীয় গ্রামোফোন রেকর্ড ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

২-২১টা	মহিলা মজলিস — বক্তা—শ্রীবিষ্ণু শর্মা বিষয়—বর্তমান যুগের ইউরোপের মেয়েরা — বৈকালিক অনুষ্ঠান —	মঙ্গলবার, ১৯ই ফেব্রুয়ারী, ১৯৩০ — প্রাতঃকালীন অনুষ্ঠান —	
৫-৫১টা	ইউরোপীয় প্রোগ্রাম (মহিলাদের জন্য) — সাক্ষ্য-অনুষ্ঠান —	৮টা	কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা ইউরোপীয় প্রোগ্রাম —
৭টা	কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা ভারতীয় প্রোগ্রাম — (হিন্দী অনুষ্ঠান) — মহম্মদ হাদি মিস্ বীণাপাণি আবহুল আজিজ খাঁ শ্রীকানৌপদ পাঠক মিস্ উম্মারগী — যন্ত্রসঙ্গীত —	৮১-৯টা	ভারতীয় প্রোগ্রাম — সংবাদ জ্ঞাপন গ্রামোফোন রেকর্ড — দ্বিপ্রাহরিক অনুষ্ঠান —
৮-৪০	মুস্তাক আলি খাঁ (পেতার) —	১২টা	ভারতীয় গ্রামোফোন রেকর্ড
৯টা	আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ পাট ও গানির দর —	১টা	ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড —
৯টা	ইউরোপীয় প্রোগ্রাম —	২-২১টা	মহিলা মজলিস — বক্তা—শ্রীবিষ্ণু শর্মা বিষয়—রোগের প্রতিকার — বৈকালিক অনুষ্ঠান —
১০টা	God Save the King Emperor শেষ —	৫টা	ইউরোপীয় প্রোগ্রাম (মহিলাদের জন্য) — ছোটদের বৈঠক —
		৫১-৫১টা	বক্তা—গল্প দাদা — সাক্ষ্য-অনুষ্ঠান —
		৭টা	কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা ভারতীয় প্রোগ্রাম — কণ্ঠসঙ্গীত শ্রীউমাপদ ভট্টাচার্য (বাংলা) শ্রীধীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় (বাংলা) শ্রীশচীন্দ্রকুমার চক্রবর্তী (বাংলা) কুমার বাবু (বাংলা) — হাসির কথা প্রোগ্রাম: বিহলা দাসগুপ্ত

কণ্ঠসঙ্গীত

২-২৮টা

মহিলা মজলিস

শ্রীনাথায়ণশ্রে দণ্ড (বাংলা)

মিস্ আব্দুরবালী (বাংলা)

শ্রীজ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী (বাংলা)

শ্রীকৃষ্ণচন্দ্র দে (বাংলা)

বক্তা—শ্রীবিষ্ণু শর্মা

বিষয়—পুরাণের এক পৃষ্ঠা

যন্ত্রসঙ্গীত

বৈকালিক অনুষ্ঠান

শ্রীহরিদাস গঙ্গোপাধ্যায় (মাউথ হারমোনিয়াম)

৫-৫১টা

ইউরোপীয় প্রোগ্রাম (মহিলাদের জন্য)

৯টা

আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ,

বাজার দর, পাট ও গানির দর

সাক্ষ্য-অনুষ্ঠান

৯টা

ইউরোপীয় প্রোগ্রাম

৬টা

কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

১০টা

God Save the King Emperor

শেষ

৭টা

আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ

বাজার দর, পাট ও গানির দর

বুধবার, ১২ই ফেব্রুয়ারী, ১৯৩০

প্রাতঃকালীন অনুষ্ঠান

ভারতীয় প্রোগ্রাম

কণ্ঠসঙ্গীত

৮টা

কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা

ইউরোপীয় প্রোগ্রাম

৮টা

শ্রীরমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (বাংলা)

শ্রীকালীপদ গোস্বামী (বাংলা)

শ্রীসত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায় (বাংলা)

অধ্যাপক গোপেশ্বর বন্দ্যোপাধ্যায় (বাংলা)

৮টা-৯টা

ভারতীয় প্রোগ্রাম

সংবাদ জ্ঞাপন

গ্রামোফোন রেকর্ড

যন্ত্র-সঙ্গীত

অধ্যাপক হুরেশনাথ বন্দ্যোপাধ্যায় (বেতার)

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

৯-২৫

বেতার নাটকে দল কর্তৃক অভিনয়

শ্রীহীরেন্দ্রকুমার বহর

১২টা

ভারতীয় গ্রামোফোন রেকর্ড

আশ্‌মানি

১টা

ইউরোপীয় ব্যাণ্ড

১১টা

God Save the King Emperor.

(ফার্মপোর বল রুম থেকে রিলে হবে)

শেষ

বৃহস্পতিবার, ১৩ই ফেব্রুয়ারী, ১৯৫০
প্রাতঃকালীন অনুষ্ঠান

৮টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ইউরোপীয় প্রোগ্রাম

৭-২০

৮।-৯টা ভারতীয় প্রোগ্রাম

সংবাদ জ্ঞাপন

৭-৩৫

গ্রামোফোন রেকর্ড

দ্বিপ্রাহরিক অনুষ্ঠান

৮-১০

১২টা ভারতীয় গ্রামোফোন রেকর্ড

১৬টা ইউরোপীয় গ্রামোফোন রেকর্ড

২-২১টা মহিলা মজলিস্

৮-৩৫

বক্তা—শ্রী বিষ্ণু শর্মা

বিষয়—বিষের বিচিত্র সংবাদ

৮-৫০

বৈকালিক অনুষ্ঠান

৫-৫।টা ইউরোপীয় প্রোগ্রাম (মহিলাদের জন্ম)

৯টা

আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ,
বাক্সার দর, পাট ও গানির দর

৯।টা

ইউরোপীয় প্রোগ্রাম

সাক্ষ্য-অনুষ্ঠান

৭টা কর্পোরেশনের ঘড়ি অনুসারে সময় ঘোষণা
ভারতীয় প্রোগ্রাম

১০।টা

God Save the King Emperor

শেষ

কণ্ঠসঙ্গীত

শ্রীহীরেন্দ্রকুমার বসু (বাংলা)

শ্রীপঙ্কজকুমার মল্লিক (বাংলা)

পাচালী

শ্রীগৌরমোহন মুখোপাধ্যায়

কণ্ঠসঙ্গীত

শ্রীগোপালচন্দ্র মুখোপাধ্যায় (বাংলা)

শ্রীবিজয়লাল মুখোপাধ্যায় (বাংলা)

মিস্ বীণাপাণি (বাংলা)

মিস্ বীণাপাণি (হিন্দী)

মিস্ উবারাণী (হিন্দী)

হাসির গান

শ্রীনলিনীকান্ত সরকার

যন্ত্রসঙ্গীত

বাণীসজ্ব কর্তৃক ঐক্যতান বাদন

(শ্রীজ্যোতি বোষের অধিনায়কত্বে)

আবহাওয়া বিজ্ঞাপন, সাধারণ সংবাদ,
বাক্সার দর, পাট ও গানির দর


ইউরোপীয় প্রোগ্রাম

God Save the King Emperor

শেষ

ENJOY BROADCAST MUSIC

from
**Your
Electric
Supply.**



Complete set with
Loud-speaker - - -

Rs. 100

Demonstration Free.
No Obligation. Catalogue Free.

M. L. SHAW,

7C, LINDSAY STREET, & 5/1, DHARAMTALA STREET,

Phone : 700 Cal. **CALCUTTA.**

মাইক্রোফোনের

সাহায্যে

আপনার বিজ্ঞাপন জগতে প্রচার করুন
বিস্তারিত বিবরণের জন্য পত্র লিখুন অথবা
নিজে আসিয়া দেখা করুন


দি ইণ্ডিয়ান ব্রডকাস্টিং কোম্পানী

১নং গারফিন্ প্লেস, কলিকাতা।

Digitized by Google

ফ্রেম এরিয়্যাল সেট

হাজার হাজার মাইল দূর হইতে
Frame Aerial এ গান শুনিবার
জন্য—



LOEWE RADIO

FRAME AERIAL MODEL

(লাউএ রেডিও ফ্রেম এরিয়্যাল মডেল)

ইহার দ্বারা ভারতের যে কোন স্থান হইতে বোম্বাই, কলিকাতা, কলম্বো, জাপান মফো প্রভৃতি
নানাস্থানের গান ফ্রেম এরিয়্যাল লাউডস্পীকারে শুনিতে পাইবেন। বাড়ীতে, মোটরে, ট্রেনে, জাহাজে
যেখানে সেখানে সেট চালান চলে, যেহেতু এরিয়্যাল খাটাইবার হাঙ্গাম নাই।

আওয়াজ নির্দোষ, সতেজ এবং atmospheric মোটেই নাই সেইজন্য সম্পূর্ণ স্বাভাবিক। এই
সেটে ৩টা ২শক্তি বিশিষ্ট ও ১টা ৩শক্তি বিশিষ্ট ভালুত আছে অর্থাৎ সর্বশুদ্ধ ২ ভোল্টের শক্তি আছে।
আকার ২০" X ১১" X ১২" এবং ওজন মাত্র ১৫ সের। সাধারণ সেটেরই গ্যায় ইহাতে একটা H. T ও একটা
L. T ব্যাটারী আছে।

ফ্রেম এরিয়্যাল, ব্যাটারী, লাউডস্পীকার ইত্যাদি যাবতীয় সরঞ্জাম সমেত দাম—৩৮২।০

উপরে Aerial খাটাইয়া দূরবর্তী স্থান
হইতে শুনিবার উপযুক্ত সেট

LOEWE RADIO

Long Distance Model

লাউডস্পীকার ব্যাটারী ইত্যাদি

সমেত

২২০ টাকা

কলিকাতা হইতে ১০০ মাইলের মধ্যে
শুনিবার উপযুক্ত সেট

LOEWE RADIO

Local Model

লাউডস্পীকার ব্যাটারী ইত্যাদি

সমেত

৯৩ টাকা

রেডিও সাল্লাই স্টোরস্

ভারতে আদি ও সর্বাপেক্ষা বিশ্বাসভাজন রেডিও বিক্রেতা

৯নং ডালহাউসী স্কোয়ার, কলিকাতা।